



কুলছাত্রী শশী

ওসি-সন্ত্রাসী সম্পর্কের অভিযোগ
**অপহরণের হুমকির
 মুখে কুলছাত্রী শশীর
 লেখাপড়া বন্ধ**

নিজস্ব বাতী পরিবেশক : গাজীপুরের শ্রীপুর থানার ডোমবাড়ি চালা গ্রামের এক কিশোরী কুলছাত্রী সন্ত্রাসীদের ভয়ে কুলে যেতে পারছে না। সন্ত্রাসীদের সঙ্গে স্থানীয় ওসির বিশেষ সম্পর্ক রয়েছে বলে অভিযোগ রয়েছে।

তাহমিনা সুলতানা শশী (১২) স্থানীয় তেলিহাটি উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী। স্থানীয় কয়েকজন সন্ত্রাসীর অপহরণের হুমকির মুখে গত ৬ মাস ধরে সে কার্যত গৃহবন্দী। শ্রীপুর থানার ওসির সঙ্গে সন্ত্রাসীদের বিশেষ সম্পর্ক থাকায় কিশোরী শশীর পরিবার আইনি সহায়তা পাচ্ছে না। স্কেনার চাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে কুলছাত্রীর পত্নী পিতা এ তথ্য জানান। সংবাদ সম্মেলনে কুলছাত্রী শশী উপস্থিত ছিল।

মেয়েটির পিতা হুফির উদ্দিন লিখিত বক্তব্যে জানান, গত বছরের ২৩শে জুলাই এলাকার বখাটে সন্ত্রাসী সোহেল ৭/৮ জন সঙ্গীসহ তার বাড়িতে প্রবেশ করে। অস্ত্রের মুখে সন্ত্রাসীরা তার মেয়েকে অপহরণের চেষ্টা করে। এ সময় প্রতিবেশীরা সন্ত্রাসীদের হাত থেকে তার মেয়েকে রক্ষা করেন। এ ঘটনার পর অভিযোগ জানাতে থানায় গেলে অভিযোগ নথিভুক্ত না করে ওসি মোহাম্মদ আলী ঘটনা তদন্তের জন্য একজন এসআইকে পাঠান। ওই এসআই ঘটনার সত্যতা পেয়ে প্রধান অভিযুক্ত সোহেলকে গ্রেফতার করেন। কিন্তু ওসি ঘূরের বিনিময়ে সোহেলকে থানা থেকে ছেড়ে দেন এবং হুফির উদ্দিনের কাছ থেকে জোরপূর্বক সাদা কাগজে সই নেন।

থানায় মামলা করতে ব্যর্থ হয়ে হুফির উদ্দিন ১৯শে সেপ্টেম্বর গাজীপুরের এসপির কাছে লিখিত অভিযোগ দায়ের করেন। এসপির নির্দেশে এক এএসপি ঘটনাটি সহজমিন তদন্ত করেন। তদন্তের পর এসপি সাইফুর থানার ওসিকে মামলা গ্রহণের নির্দেশ দেন। হুফির উদ্দিন জানান, তার লিখিত অভিযোগের গুরুত্বপূর্ণ অংশ বাদ দিয়ে ওসি ইচ্ছেমতো এজাহার লিখিয়ে মামলা গ্রহণ করেন। মামলা গ্রহণের পর ওসি তার কাছে ৩০ হাজার টাকা খুস দাবি করেন এবং খুস না দিলে তদন্ত রিপোর্ট বিপক্ষে থাকে বলে হুমকি দেন।

হুফির উদ্দিন জানান, মামলা দায়েরের ফলে অভিযুক্ত সন্ত্রাসীরা তার মেয়েকে বারবার অপহরণের হুমকি দিচ্ছে। ৬ মাস যাবৎ কুলে যেতে পারছে না। সন্ত্রাসীদের প্রকাশ্যে পুলিশের ১৮সাপেই ঘোরান্দেহা করে। তিনি অবিলম্বে সন্ত্রাসীদের সত্যতা ও বিচার দাবি করেছেন।